

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা
www.rajuk.gov.bd

বিষয়: রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ০৩/২০২১ তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ হেমায়েত হোসেন, অতিরিক্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
ও চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), রাজউক, ঢাকা।
সভার তারিখ ও সময় : ২১.০৩.২০২১ খ্রি:, রবিবার, সকাল ০৯:৩০ ঘটিকা
সভার স্থান : রাজউক সভাকক্ষ।
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক

আলোচ্যসূচি ১: ০১/২০২১ তম সমন্বয় সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি গত ১০.০১.২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ০১/২০২১ তম মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে উপস্থিত সকল কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। সভায় গত ০১/২০২১ তম সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোনোরূপ সংশোধন বা সংযোজন না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। অতঃপর সভাপতি, পরিচালক (প্রশাসন), রাজউককে সভার আলোচ্য বিষয়াদি পর্যায়ক্রমে উপস্থাপনের আহ্বান জানান। অতঃপর সভায় আলোচ্য বিষয়াদি উপস্থাপিত হয় এবং নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচ্যসূচি ২: ০১/২০২১ তম মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, ০১/২০২১ তম সমন্বয় সভায় মোট ৯৯টি সিদ্ধান্তের মধ্যে ৯২টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে যার বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

ক্রমিক নং	উইং এর নাম	গৃহীত সিদ্ধান্তের সংখ্যা	বাস্তবায়িত সিদ্ধান্তের সংখ্যা	অবাস্তবায়িত সিদ্ধান্তের সংখ্যা	অবাস্তবায়িত সিদ্ধান্তের আইটেম	বাস্তবায়নের হার
১।	প্রশাসন ও অর্থ	২৭	২৬	১	২ (খ)	৯৬%
২।	উন্নয়ন	১৩	১১	২	৪ (ক) ও ১৫	৮৫%
৩।	এস্টেট ও ভূমি	১৫	১৪	১	৭(ঘ)	৯৩%
৪।	উন্নয়ন নিয়ন্ত্রণ	২৪	২২	২	১৭(ঙ, জ)	৮৩%
৫।	পরিকল্পনা	২০	১৯	১	৫(গ)	৯৫%
	মোট	৯৯	৯২	০৭	০৭	৯২%


সিদ্ধান্ত: অবাস্তবায়িত গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নসহ সিদ্ধান্ত বাস্তবায়নের হার ১০০% এ উন্নীত করণের জন্য সংশ্লিষ্ট শাখা/বিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

আলোচ্যসূচি-৩.০১ রাজউকের ০১/২০২১ তম সমন্বয় সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:

ক্রমিক নং	আলোচ্য বিষয়	বিবরণ	বিবরণ	বাস্তবায়নকারী																		
১	২	৩	৪	৫																		
১।	অনিষ্পন্ন পত্রের বিষয়ে সিদ্ধান্ত।	<p>(ক) অনিষ্পন্ন বিষয়াদির বিবরণ সচিবালয়ের নির্দেশমালা, ২০১৪ এর ক্রোড়পত্র-২৬ অনুযায়ী প্রতি মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে সকল শাখা/ সকল জোন হতে আবশ্যিকভাবে প্রশাসন শাখায় প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</p> <p>(খ) মন্ত্রণালয়ের নিকট রাজউকের বিভিন্ন অনিষ্পন্ন পত্রের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</p> <p>(গ) অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পন্নের হার শতভাগ নিশ্চিত করার জন্য সকল শাখা/ বিভাগের উপপরিচালক ও সমপদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাদের আরও তৎপর হওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>(ক) অনিষ্পন্ন বিষয়াদির বিবরণ সচিবালয়ের নির্দেশমালা, ২০১৪ এর ক্রোড়পত্র-২৬ অনুযায়ী প্রতি মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে সকল শাখা/ সকল জোন হতে আবশ্যিকভাবে প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে।</p> <p>ক্রোড়পত্র-২৬ (নির্দেশ নম্বর-৮৩)</p> <p>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রণালয়/বিভাগ..... শাখা..... www.মাসের অনিষ্পন্ন বিষয়াদির বিবরণ</p> <table border="1"> <thead> <tr> <th rowspan="2">পত্র মাসের ক্রম</th> <th colspan="2">আলোচ্য/আলোচ্য মাসে</th> <th colspan="2">মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন</th> <th rowspan="2">মন্তব্য</th> </tr> <tr> <th>মাসে</th> <th>প্রাপ্তি</th> <th>এক সপ্তাহের অধিক</th> <th>দুই সপ্তাহের অধিক</th> </tr> </thead> <tbody> <tr> <td>১</td> <td>২</td> <td>৩</td> <td>৪</td> <td>৫</td> <td>৬</td> <td>৭</td> <td>৮</td> </tr> </tbody> </table> <p>শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর নাম পদনাম তারিখ ফোন ফ্যাক্স ই-মেইল</p> <p>(খ) রাজউকের নিকট মন্ত্রণালয়ের বিভিন্ন অনিষ্পন্ন পত্রের জবাব যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(গ) অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পন্নের হার শতভাগ নিশ্চিত করতে হবে।</p>	পত্র মাসের ক্রম	আলোচ্য/আলোচ্য মাসে		মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন		মন্তব্য	মাসে	প্রাপ্তি	এক সপ্তাহের অধিক	দুই সপ্তাহের অধিক	১	২	৩	৪	৫	৬	৭	৮	সকল শাখা/ বিভাগের প্রধানগণ
পত্র মাসের ক্রম	আলোচ্য/আলোচ্য মাসে		মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন		মন্তব্য																	
	মাসে	প্রাপ্তি	এক সপ্তাহের অধিক	দুই সপ্তাহের অধিক																		
১	২	৩	৪	৫	৬	৭	৮															
২।	রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০১৩ অনুযায়ী শূন্যপদে জনবল নিয়োগ ও পদোন্নতি।	রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের রাজস্ব খাতভুক্ত সরাসরি নিয়োগযোগ্য ২৫টি ক্যাটাগরীর ২১৯টি শূন্যপদ পূরণের নিমিত্ত নিয়োগের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে সদস্য (প্রশাসন ও অর্থ) সভাকে জানান যে, ইতোমধ্যে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর কারিগরী সহযোগিতায় ৭৪,১৯১ জন চাকুরি প্রার্থীর আবেদন পাওয়া যায়।	<p>(ক) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের রাজস্ব খাতভুক্ত সরাসরি নিয়োগযোগ্য ২৫টি ক্যাটাগরীর ২১৯টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(খ) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের যে সমস্ত পদগুলোতে আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগের বিধান রয়েছে সে সমস্ত</p>	সদস্য (প্রশাসন ও অর্থ)/পরি চালক (প্রশাসন)																		

(Handwritten signatures and marks)

ক্র.সং.	আলোচ্য বিষয়	পর্যালোচনা	সিদ্ধান্ত	ব্যবস্থাপনকর্তা
১	২	৩	৪	৫
		<p>লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাইয়ের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া যে সমস্ত পদগুলোতে আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগের বিধান রয়েছে সে সমস্ত পদ পুরোনোর লক্ষ্যে আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা প্রয়োজন।</p> <p>রাজউকের পদোন্নতি সংক্রান্ত বিভাগীয় পদোন্নতি কমিটির সভা প্রসংগে পরিচালক (প্রশাসন) বলেন যে, অনুমোদিত সাংগঠনিক কাঠামোতে সৃষ্ট পদসমূহের স্থায়ী সংরক্ষনের জন্য প্রয়োজনীয় পরিপত্র জারির কার্যক্রমসমূহ যথাসময়ে সম্পন্ন করা হয়নি বিধায় পদোন্নতির কার্যক্রম বিলম্ব হচ্ছে। তবে অস্থায়ী শূণ্য পদে নিয়োগের কার্যক্রম অব্যাহত রাখা যাবে।</p>	<p>পদগুলো পুরোনোর লক্ষ্যে আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের বিজ্ঞপ্তি আগামী ০৩ (তিন) দিনের মধ্যে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(গ) পদোন্নতি সংক্রান্ত বিভাগীয় পদোন্নতি কমিটির সভার কার্যক্রম চলমান রাখার নিমিত্ত গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আলোচ্য ভূতাপেক্ষ পরিপত্র জারীর বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	পরিচালক (প্রশাসন)
৩।	রাজউক ভবনের নিরাপত্তা বিধান ও বহিরাগতদের গতিবিধি নিয়ন্ত্রণ	রাজউক ভবনে বহিরাগত/ অবাঞ্ছিত লোকজনের আনাগোনা এবং রাজউক কর্মকর্তা/ কর্মচারীদের সাহায্যকারী হিসেবে রাজউক কর্মকর্তা/কর্মচারী ব্যতিত অন্য কাউকে দাপ্তরিক কার্যক্রমে (যেমন-সাইট পরিদর্শন, নথি আনয়ন ইত্যাদি) ব্যবহার করলে তার বিরুদ্ধে বিধি অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	রাজউক ভবনে বহিরাগত/ অবাঞ্ছিত লোকজনের আনাগোনা প্রতিরোধকল্পে এবং রাজউক কর্মকর্তা/ কর্মচারীদের সাহায্যকারী হিসেবে রাজউক কর্মকর্তা/ কর্মচারী ব্যতিত অন্য কাউকে দাপ্তরিক কার্যক্রমে (যেমন-সাইট পরিদর্শন, নথি আনয়ন ইত্যাদি) ব্যবহার বন্ধের লক্ষ্যে প্রতি সপ্তাহে অন্তত একটি মোবাইল কোর্ট পরিচালনা করে দালাল/ বহিরাগতদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, রাজউক
৪।	রাজউকের মালিকানাধীন অব্যবহৃত জমি উদ্ধার সংক্রান্ত।	অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং উদ্ধারকৃত জমি তারকাটার বেড়া দিয়ে সরকারি ব্যবস্থাপনায় নিতে হবে। উচ্ছেদের পূর্বেই জমির পরিকল্পনা নিতে হবে এবং উদ্ধারকৃত জমিতে পরিকল্পনা অনুযায়ী প্রকল্প গ্রহণ করতে হবে। এ প্রসংগে সদস্য (উন্নয়ন) মহোদয় মতিঝিলে অবস্থিত বাংলাদেশ ব্যাংকের পিছনের জায়গা উদ্ধার করে কারপার্কিং প্রকল্প এবং মিরপুরে রাজউকের মালিকানাধীন বেদখল হওয়া জমি উদ্ধার করে অঞ্চল-৩ এর জোনাল অফিস নির্মাণের বিষয়ে আলোচনা করেন। এছাড়াও সভায় গুলশানে ৫০ নং রোডের ১১নং প্লটটি	<p>(ক) অবৈধ দখল হতে উদ্ধারকৃত রাজউকের জমিতে তারকাটার বেড়া নির্মাণ ও আনসার মোতায়েনের কার্যক্রম উন্নয়ন শাখা কর্তৃক সম্পাদিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(খ) গুলশানে ৩১টি প্লট বেদখল থাকায় এ বিষয়ে উচ্চ ক্ষমতাসম্পন্ন একটি কমিটি গঠন করা হয়েছে। গুলশানে ৫০ নং রোডের ১১নং প্লটটি উক্ত তালিকায় থাকায় কমিটির প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(গ) মিরপুরে সিমিরটেকে রাজউকের মালিকানাধীন বেদখল হওয়া জমি</p>	<p>প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন)</p> <p>প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) ও পরিচালক (আইন)</p> <p>উন্নয়ন শাখা</p>

(৩) 

ক্র.সং.	বিষয়	বিবরণ	সিদ্ধান্ত	কর্তৃপক্ষ										
		<p>রাজউকের পক্ষে রায় হয়েছে। উক্ত রায়ের কপি আইন শাখা কর্তৃক জরুরী ভিত্তিতে সংগ্রহ করে প্রটীক দখল মুক্ত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p> <p>রাজউকের আওতাধীন প্রকল্পের যে সকল জমির গেজেট প্রকাশিত হয়নি তার হালনাগাদ তালিকা প্রস্তুত করে সকল এল এ কেসের অর্গডুস্ত জমির গেজেট প্রকাশ করার জন্য প্রচেষ্টা চালানো প্রয়োজন।</p>	<p>উদ্ধারের ব্যাপারে প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) এ বিষয়ে আগামী ১৫ দিনের মধ্যে সাইট পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।</p> <p>(ঘ) মতিঝিলে অবস্থিত বাংলাদেশ ব্যাংকের পিছনের জায়গা উদ্ধারের জন্য উচ্ছেদের প্রস্তাব অনুমোদন হওয়ার পর উন্নয়ন নিয়ন্ত্রণ শাখা কর্তৃক দ্রুততম সময়ের মধ্যে উচ্ছেদের কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(ঙ) রাজউকের আওতাধীন সকল অবৈধ দখল হওয়া জমি উদ্ধারের নিমিত্ত আগামী সমন্বয় সভার পূর্বে একটি তালিকা তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়। সদস্য (উন্নয়ন) বিষয়টি তদারক করবেন।</p> <p>(চ) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন প্রকল্পের বিপরীতে কতটি এল এ কেস আছে? এতে জমির পরিমাণ কতটুকু? কতটি গেজেট প্রকাশ হয়েছে? কতগুলো গেজেট প্রকাশ হয়নি সে বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নির্ধারিত ছকে সুনির্দিষ্টভাবে ডাটাবেইজ করে সে সংক্রান্ত তথ্য (মৌজাওয়ারি) এ সংক্রান্ত গঠিত কমিটি (পরিচালক এস্টেট ও ভূমি-২ আহ্বায়ক, উপপরিচালক এস্টেট ও ভূমি-১ সদস্য সচিব) প্রতিমাসে প্রতিমাসে অন্তত: দুইটি এলএ কেসের গেজেট প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে পরবর্তী রাজউকের মাসিক সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>পরিচালক (উ: নি:- ১/২)</p> <p>পরিচালক (এস্টেট ও ভূমি-১)</p> <p>পরিচালক (এস্টেট ও ভূমি-২ এবং উপপরিচালক (এস্টেট ও ভূমি-১)</p>										
৫।	সেবা সহজিকরণ	<p>(ক) রাজউকের ৮টি জোন এ অনলাইনে ভূমি ব্যবহার ছাড়পত্র এবং নক্সা অনুমোদন সেবা দুটি নিরবচ্ছিন্নভাবে নিশ্চিত করার লক্ষ্যে কতটি ভূমি ব্যবহার ছাড়পত্র, কতটি নক্সা অনুমোদনের আবেদন জমা পড়েছে, কতটি আবেদন নিষ্পত্তি হয়েছে এবং কতটি প্রত্যাখ্যান হয়েছে তার তথ্য জোনের পরিচালকগণকে প্রতিমাসের ৪(চার) তারিখের মধ্যে পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১) এর নিকট এবং পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১) কর্তৃক তা সমন্বয়পূর্বক প্রতিমাসের ৬(ছয়) তারিখের মধ্যে</p>	<p>(ক) রাজউকের ৮টি জোন এ অনলাইনে ভূমি ব্যবহার ছাড়পত্র এবং নক্সা অনুমোদন সেবা দুটি নিরবচ্ছিন্নভাবে নিশ্চিত করার লক্ষ্যে নিম্নের ছক অনুযায়ী তথ্য দাখিল করতে হবে :</p> <table border="1"> <thead> <tr> <th>জোনের নাম</th> <th>জমাকৃত ছাড়পত্রের সংখ্যা</th> <th>অনুমোদিত ছাড়পত্রের সংখ্যা</th> <th>প্রত্যাখ্যান যোগ্য ছাড়পত্রের সংখ্যা</th> <th>মন্তব্য</th> </tr> </thead> <tbody> <tr> <td></td> <td></td> <td></td> <td></td> <td></td> </tr> </tbody> </table>	জোনের নাম	জমাকৃত ছাড়পত্রের সংখ্যা	অনুমোদিত ছাড়পত্রের সংখ্যা	প্রত্যাখ্যান যোগ্য ছাড়পত্রের সংখ্যা	মন্তব্য						<p>পরিচালক (জোনঃ ১-৮) ও পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১/২) এবং গঠিত কমিটি, রাজউক</p>
জোনের নাম	জমাকৃত ছাড়পত্রের সংখ্যা	অনুমোদিত ছাড়পত্রের সংখ্যা	প্রত্যাখ্যান যোগ্য ছাড়পত্রের সংখ্যা	মন্তব্য										

২ ২৫ ১ ১৫

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সংক্রান্ত সংসদ	নির্ধারিত সময়	বিস্তারিত বিবরণ										
১	২	৩	৪	৫										
		পরিচালক (প্রশাসন) বরাবর প্রতিবেদন দাখিল করার বিষয়ে আলোচনা হয়।	<table border="1"> <thead> <tr> <th>জোনের নাম</th> <th>জমাকৃত নকশার সংখ্যা</th> <th>অনুমোদিত নকশার সংখ্যা</th> <th>প্রত্যাখ্যান যোগ্য নকশার সংখ্যা</th> <th>মন্তব্য</th> </tr> </thead> <tbody> <tr> <td></td> <td></td> <td></td> <td></td> <td></td> </tr> </tbody> </table> <p>তাছাড়া সকল জোন-এ অনলাইন সেবাটি নিরবচ্ছিন্নভাবে নিশ্চিত করার লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন নিষ্পত্তি করা এবং সেবা সহজিকরণ সংক্রান্ত গঠিত কমিটির মনিটরিং আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) রাজউকে কতগুলো Occupancy certificate এর আবেদন জমা পড়েছে এবং কতগুলো Occupancy certificate প্রদান করা হয়েছে তার তথ্য আগামী সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>	জোনের নাম	জমাকৃত নকশার সংখ্যা	অনুমোদিত নকশার সংখ্যা	প্রত্যাখ্যান যোগ্য নকশার সংখ্যা	মন্তব্য						
জোনের নাম	জমাকৃত নকশার সংখ্যা	অনুমোদিত নকশার সংখ্যা	প্রত্যাখ্যান যোগ্য নকশার সংখ্যা	মন্তব্য										
		(গ) অনলাইনে ভূমি ব্যবহার ছাড়পত্র ও নক্সা অনুমোদনের বিষয়ে সভাপতি জানতে চাইলে সিনিয়র সিস্টেম এনালিস্ট বলেন পরামর্শক প্রতিষ্ঠান Technohaven Ltd. কর্তৃক জোন অফিসে সেবা বাস্তবায়নের লক্ষ্যে Annual Maintenance Contract (AMC) অনুসারে প্রস্তাব পত্র দাখিল করেছে। গঠিত কমিটি কর্তৃক প্রস্তাবটি যাচাই বাছাই প্রক্রিয়াধীন আছে।	(গ) অনলাইন সেবার ক্ষেত্রে উদ্ভূত সমস্যা সমাধানের লক্ষ্যে Annual Maintenance contract (AMC) কাজটি সম্পাদনের জন্য EOI আহ্বান করা হয়েছে। আগামী ০৭ (সাত) দিনের মধ্যে সংক্ষিপ্ত তালিকা করে PEC এর কার্যক্রম সম্পাদন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র সিস্টেম এনালিস্ট										
৬।	এম.আই.এস. (MIS) শাখার কাজের অগ্রগতি ও ই-সেবা কার্যক্রম	রাজউকের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদকরণ এর বিষয়ে সভাপতি মহোদয় বিস্তারিত আলোচনা করেন। তিনি রাজউকের অভ্যন্তরীণ বদলী, চলতি/ অতিরিক্ত দায়িত্ব প্রদান সংক্রান্ত অফিস আদেশসমূহ নিয়মিত ওয়েবপোর্টালে আপলোড করার নির্দেশনা প্রদান করেন।	রাজউকের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদকরণ করতে হবে এবং রাজউকের সকল অফিস আদেশ নিয়মিত ওয়েবসাইটে আপলোড করতে হবে।	এমআইএস শাখা										
৭।	নগর পরিকল্পনা শাখার কার্যক্রম	(ক) তুরাগ নদীসহ যে সকল জমি অবৈধভাবে ভরাট করা হচ্ছে ঐ সকল জমি বিষয়ে সদস্য (পরিকল্পনা) মহোদয়ের সভাপতিত্বে সংশ্লিষ্ট জোনাল পরিচালকদের নিয়ে গত ১৬.০৭.২০১৯ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। চেয়ারম্যান মহোদয় কর্তৃক অনুমোদনের পরিপ্রেক্ষিতে বিগত ৫/১১/২০১৯ খ্রিঃ তারিখ হতে নগর পরিকল্পনা শাখার	(ক) তুরাগ নদীসহ যে সকল জমি অবৈধভাবে ভরাট করা হচ্ছে ঐ সকল জমি সংশ্লিষ্ট জোনাল পরিচালকগণ এবং সংশ্লিষ্ট উপনগর পরিকল্পনাবিদগণ সরেজমিনে পরিদর্শন এবং মোবাইল কোর্ট এর মাধ্যমে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করে সদস্য (পরিকল্পনা) বরাবর জরুরী ভিত্তিতে প্রতিবেদন দাখিল করবেন।	সকল জোনাল পরিচালক ও সদস্য (পরিকল্পনা)										

ক্রমিক নং	আবেদনকারী	বিষয়বস্তু	সিদ্ধান্ত	ব্যবস্থাপক/সহকারী ব্যবস্থাপক
১	২	৩	৪	৫
		মাধ্যমে জোনসমূহে সমন্বিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। উক্ত সভার নির্দেশনা মোতাবেক সকল জোনে সরেজমিনে পরিদর্শন সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।		
		(খ) মহাপরিকল্পনা ব্যত্যয় করে অবৈধভাবে জলাধার ভরাটকারী ও অনুমোদনহীন আবাসন প্রকল্পের বিরুদ্ধে বিগত ৫/১১/২০১৯ খ্রিঃ তারিখ হতে মোবাইল কোর্টের মাধ্যমে উচ্ছেদ কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি চিহ্নিত অবৈধ/ অননুমোদিত আবাসন প্রকল্পের বিজ্ঞাপন এবং সাইনবোর্ড জরুরি ভিত্তিতে উচ্ছেদ/ অপসারণের জন্য সকল জোন পরিচালককে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা দেন।	(খ) মহাপরিকল্পনা ব্যত্যয় করে অবৈধভাবে জলাধার ভরাটকারী ও অনুমোদনহীন আবাসন প্রকল্প, এ সকল প্রকল্পের বিজ্ঞাপন এবং সাইন বোর্ড মোবাইল কোর্ট এর মাধ্যমে অপসারণ/ উচ্ছেদ করে এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। আগামী সমন্বয় সভার পূর্বে কমপক্ষে ২টি মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	নগর পরিকল্পনা বিদ- ১/২
		(গ) পূর্বাচল নতুন শহর প্রকল্পের লে-আউট নকশার হালনাগাদকৃত ৫ম সংশোধনী সম্পর্কিত আদালতের রায়ের বিষয়ে সংশ্লিষ্ট শাখাকে আরো তৎপর হওয়া প্রয়োজন।	(গ) পূর্বাচল নতুন শহর প্রকল্পের লে-আউট নকশার হালনাগাদকৃত ৫ম সংশোধনী সম্পর্কিত মহামান্য আদালতের রায়ের বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	পরিচালক (আইন/ পরিচালক (প্রশাসন) এবং প্রকল্প পরিচালক (পূর্বাচল নতুন শহর প্রকল্প)
		(ঘ) বাজ্জা কোয়ার্টারের সীমানা নির্ধারণ সংক্রান্ত দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং-১০৬/২০১০ Vacate করার বিষয়ে আলোচনা হয়। পরিচালক, আইন মহোদয় জানান বিগত ১০.১০.২০১৯ তারিখে মামলার লিখিত জবাব দাখিলের দিন ধার্য ছিল। উক্ত ধার্য তারিখে রাজউক পক্ষে নিয়োজিত বিজ্ঞ আইনজীবী জনাব মো: আমিনুল ইসলাম-১ এর মাধ্যমে বিগত ১৭.০৪.২০১২ তারিখে আদেশক্রম ৪৯ এর প্রদত্ত অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ Vacate করার জন্য সংশ্লিষ্ট বিজ্ঞ আদালতে আবেদন করা হয়। উক্ত Vacate আবেদনের উপর বিজ্ঞ আদালত কোন সিদ্ধান্ত দেননি। মামলার বিজ্ঞ আইনজীবী মৌখিকভাবে অত্র	(ঘ) বাজ্জা কোয়ার্টারের সীমানা নির্ধারণের বিষয়ে বর্তমানে আদালত পুনরায় চালু হওয়ায় নিয়োজিত বিজ্ঞ আইনজীবীর সাথে আলোচনা করে কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (এস্টেট ও ভূমি- ১)/ পরিচালক, আইন

ক্র.সং.	বিষয়	সংক্ষেপিত বিবরণ	সংক্ষেপিত বিবরণ	সংক্ষেপিত বিবরণ
		অফিসকে জানিয়েছেন যে, আগামী ২২/০১/২০২০ তারিখে উক্ত Injunction Vacate বিষয়ে পুনঃশুনানী অস্ত্রে বিজ্ঞ আদালত সিদ্ধান্ত দিবেন। পরবর্তীতে করোনামহামারির কারণে কোর্ট বন্ধ থাকায় এ সংক্রান্ত কার্যক্রম স্থগিত হয়ে পড়ে।		
৮।	অর্থ ও হিসাব শাখা কর্তৃক অগ্রদত্ত তহবিল এবং অগ্রিম সমন্বয়।	<p>(ক-গ) অর্থ ও হিসাব শাখা কর্তৃক উত্থাপিত কার্যপত্রের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উচ্ছেদের অগ্রদত্ত অগ্রিমের সমন্বয় বিল এবং এ কাজে ব্যয়িত জ্বালানী ও গাড়ী ভাড়ার বিল অর্থ ও হিসাব শাখায় দাখিল করা হলেও মোবাইল কোর্ট পরিচালনার কাজে ব্যয়িত জ্বালানী ও গাড়ী ভাড়ার বিল অত্র শাখায় জমা করা হচ্ছে না। যে সকল কর্মকর্তা উচ্ছেদ/মোবাইল কোর্ট পরিচালনায় ব্যবহৃত যন্ত্রপাতি/ গাড়ীর তেলের বিল সমন্বয় করেন না তাদের একটি তালিকা সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়।</p> <p>(ঘ) পুরানো অব্যবহৃত ছাপানো মানি রিসিপ্ট ঋংসের নিমিত্ত একটি কমিটি গঠনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</p> <p>(ঙ) রাজউকের নীচ তলায় অবস্থিত ০৩ (তিন)টি ব্যাংক যথা (১) জনতা ব্যাংক লিঃ (২) সোনালী ব্যাংক লিঃ এবং (৩) অগ্রণী ব্যাংক লিঃ এর ভাড়া নির্ধারণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>(ক) পূর্বে উত্তোলিত অর্থের সমন্বয় বিল দাখিল না করা পর্যন্ত (বিশেষ ক্ষেত্র ব্যতিত) নতুনভাবে কোন অস্থায়ী অগ্রিম প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(খ) অসমন্বিত বিল সমন্বয় না করলে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>(গ) উচ্ছেদ অভিযানে গেলে রাজউক কোন ভারী যানবাহনের জ্বালানী খরচ বহন করবে না। উক্ত অর্থ আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট জোনাল পরিচালকগণ এবং অর্থরাইজড অফিসারগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(ঘ) পুরানো অব্যবহৃত ছাপানো মানি রিসিপ্ট ঋংসের নিমিত্ত একটি কমিটি গঠনের প্রস্তাব সংশ্লিষ্ট শাখার নথিতে দ্রুত অনুমোদন নিয়ে এ বিষয়ে জরুরী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(ঙ) রাজউকের নীচ তলায় অবস্থিত ০৩ (তিন)টি ব্যাংক যথা (১) জনতা ব্যাংক লিঃ (২) সোনালী ব্যাংক লিঃ এবং (৩) অগ্রণী ব্যাংক লিঃ এর ভাড়া নির্ধারণের নিমিত্ত ০৪ (চার) সদস্য বিশিষ্ট কমিটির প্রতিবেদনের আলোকে কর্মপত্র প্রস্তুত করে পরবর্তী কর্তৃপক্ষের সাধারণ সভায় উপস্থাপনের ব্যবস্থা সিদ্ধান্ত গৃহীত হলো।</p>	<p>পরিচালক (অর্থ ও হিসাব)</p> <p>পরিচালক (অর্থ ও হিসাব)/ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) বিভাগ।</p> <p>উপপরিচালক (অর্থ ও হিসাব)</p> <p>উপপরিচালক (অর্থ ও হিসাব)</p>
৯।	আইন শাখার কার্যক্রম	(ক) প্যানেল আইনজীবীদের সাথে প্রতি ০৩ তিন মাস অন্তর অন্তর পর্যালোচনা সভা আয়োজন করে মন্ত্রণালয় এবং প্রশাসন শাখাকে অগ্রগতি অবহিত করার বিষয়ে	(ক) প্যানেল আইনজীবীদের সাথে প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর পর্যালোচনা সভা আয়োজন করে মন্ত্রণালয় এবং প্রশাসন শাখাকে অগ্রগতি অবহিত করতে হবে।	পরিচালক (আইন)

৬ (৭) ২ ২২/১/২০

ক্র.সং.	আলোচনা বিষয়	সিদ্ধান্ত	সিদ্ধান্ত	সিদ্ধান্ত
১	২	৩	৪	৫
	আলোচনা হয়। সভাপতি গুরুত্বপূর্ণ মামলার ক্ষেত্রে বিজ্ঞ সিনিয়র আইনজীবীদের সাথে আলোচনা করে মামলা নিষ্পত্তির পদক্ষেপ নেওয়ার পরামর্শ দেন।			
	(খ) রাজউকের মামলাসমূহের গুরুত্ব অনুসারে শ্রেণী বিভাজন করত রাজউকের স্বার্থ জড়িত আছে এমন মামলাসমূহের সংখ্যা নির্ধারণপূর্বক অগ্রাধিকার ভিত্তিতে মামলাসমূহ পরিচালনা ও তদারকির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে সভাপতি রাজউকের স্বার্থ সংশ্লিষ্ট বিশেষ করে এস্টেট ও ভূমি এবং নিয়োগ সংক্রান্ত মামলাসমূহ অধিক গুরুত্বসহকারে পরিচালনা ও নিষ্পত্তির উপর গুরুত্বারোপ করেন এবং নব্য দায়েরকৃত মামলা প্রতিদিন তালিকায় যোগ করা ও সমাপ্ত হয়ে যাওয়া মামলাগুলো বাদ দিয়ে প্রতিদিন মামলার তালিকা হালনাগাদ করার পরামর্শ দেন। এ সংক্রান্ত তথ্য প্রতি মাসের ৩ তারিখের মধ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে এবং রাজউকের প্রশাসন শাখাকে অবহিত করার নির্দেশনা প্রদান করেন।	(খ) (১) মামলাসমূহের গুরুত্ব অনুসারে শ্রেণী বিভাজন করতঃ রাজউকের স্বার্থ সংশ্লিষ্ট মামলার সংখ্যা নির্ধারণ এবং মামলাগুলো গুরুত্ব অনুসারে রাজউকের পক্ষে রায় আনয়নের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। (২) রাজউকের স্বার্থ সংশ্লিষ্ট বিশেষ করে এস্টেট ও ভূমি এবং নিয়োগ সংক্রান্ত ইত্যাদি মামলাসমূহ অধিক গুরুত্ব সহকারে পরিচালনা ও নিষ্পত্তি করতে হবে। (৩) নব্য দায়েরকৃত মামলা প্রতিদিন তালিকায় যোগ করে ও নিষ্পত্তি হয়ে যাওয়া মামলাসমূহ বাদ দিয়ে তালিকা হালনাগাদ করতে হবে।	পরিচালক (আইন)	পরিচালক (আইন)
	(গ) সভায় রীট (Writ) মামলার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে সভাপতি বলেন যে, Writ Petition আরজি আদালত হতে পাওয়া মাত্র উক্ত মামলা প্রতিদ্বন্দ্বিতা করার জন্য প্যানেল আইনজীবী নিয়োগ করে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে মামলা তদারকি করতে হবে যাতে বাদী পক্ষ Contempt করার সুযোগ না পায়। তাছাড়া সভাপতি, প্রটের বাণিজ্যিক করণ সংক্রান্ত মামলাসমূহের আলাদা তালিকা প্রস্তুতপূর্বক যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করারও নির্দেশনা দেন।	(গ) (১) মামলার S.F চেয়ে সংশ্লিষ্ট শাখায় পত্র দিয়ে মৌখিকভাবে তদারকির মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে S.F সংগ্রহ করতে হবে। (২) রীট মামলাসমূহ যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য যোগ্য প্যানেল আইনজীবী দ্রুত নিয়োগের বিষয়ে ব্যবস্থা নিতে হবে। (৩) প্রটের বাণিজ্যিককরণ সংক্রান্ত মামলাসমূহের আলাদা তালিকা প্রস্তুতপূর্বক যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে।	পরিচালক (এস্টেট ও ভূমি-১) ও পরিচালক (আইন)	পরিচালক (আইন)
	(ঘ) রাজউকের বিদ্যমান মামলা সংক্রান্ত সকল তথ্য হালনাগাদ করার লক্ষ্যে আউট সোর্সিং এর মাধ্যমে কার্যক্রম সম্পন্ন করণের জন্য এমআইএস শাখার সিস্টেম এনালিস্ট এর মাধ্যমে সফটওয়্যার আপগ্রেড করার লক্ষ্যে বিস্তারিত	(ঘ) রাজউকের বিদ্যমান মামলা সংক্রান্ত সকল তথ্য হালনাগাদ করার লক্ষ্যে আউট সোর্সিং এর মাধ্যমে ডাটাবেজ কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের কেস ম্যানেজম্যান্টের সুবিধার্থে Law Chamber	পরিচালক (আইন) ও সিনিয়র সিস্টেম এনালিস্ট	পরিচালক (আইন)

ক্রমিক নং	আলোচ্য বিষয়	পর্যালোচনা	সিদ্ধান্ত	সম্প্রদায়নকারী কর্মসূচী
১	২	৩	৪	৫
		আলোচনা হয়। এ প্রসঙ্গে পরিচালক (আইন) সভাকে অবহিত করেন যে, চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে এটিআই লিমিটেড এর মাধ্যমে রাজউকের বিদ্যমান মামলা সমূহের ডাটাবেজ হালনাগাদ করণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সিনিয়র সিস্টেম এনালিষ্ট রাজউককে পত্র প্রদান করা হয়েছে। ১৮.০৮.২০২০ তারিখে এবং একই তারিখে সিদ্ধিক এন্টারপ্রাইজ লি: এর Law Chamber Management System (LCMS) সফটওয়্যারে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের কেস ম্যানেজম্যান্টের সুবিধার্থে তা ক্রয়ের কাজ সিদ্ধিক এন্টারপ্রাইজ লি: এর মাধ্যমে সম্পন্ন করার জন্য সিনিয়র সিস্টেম এনালিষ্ট, রাজউককে পত্র প্রদান করা হয়েছে। এ বিষয়ে সভাপতি সংশ্লিষ্ট শাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	Management System (LCMS) সফটওয়্যার ক্রয়ের কাজ ত্বরান্বিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
১০।	রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের নিরীক্ষায় উত্থাপিত অডিট আপত্তি	(ক) রাজউকের বিদ্যমান অডিট আপত্তির সংখ্যা কমিয়ে আনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে পরিচালক (নিরীক্ষা ও বাজেট) সভাকে অবহিত করেন যে, বিগত মাসে কোন অডিট আপত্তি নিষ্পত্তি না হলেও আলোচ্য মাসে বেশ কয়েকটি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে, যার প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভায় দাখিল করা হবে। সভাপতি মোট কতগুলো আপত্তি আছে এবং কতগুলো নিষ্পত্তি হয়েছে এবং কতগুলো অনিষ্পন্ন রয়েছে তা ছক আকারে আগামী সমন্বয় সভার পূর্বে প্রতিবেদন আকারে দাখিলের নির্দেশনা প্রদান করেন।	(ক) মোট কতগুলো অডিট আপত্তি আছে, কতগুলো অডিট নিষ্পত্তি হয়েছে এবং কতগুলো অনিষ্পন্ন রয়েছে তা ছক আকারে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।	পরিচালক (নিরীক্ষা ও বাজেট)
১১।	জাতীয় সংসদ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/ জনপ্রশাসন মন্ত্রণালয়সহ বিভিন্ন সংস্থা/ বিভাগে রাজউকের তথ্য প্রেরণ।	মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর, জাতীয় সংসদ, সংসদীয় স্থায়ী কমিটি, পি.এ কমিটি প্রতিবেদন এবং বিভিন্ন বিষয় সম্পর্কিত প্রতিবেদন যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। এ প্রসঙ্গে সভাপতি বলেন যে প্রতিবেদন-সমূহ সংশ্লিষ্ট উইং এর সদস্য কর্তৃক অনুমোদনের পর তা প্রশাসন শাখায়	মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর, জাতীয় সংসদ, সংসদীয় স্থায়ী কমিটি, পি.এ কমিটি প্রতিবেদন এবং বিভিন্ন বিষয় সম্পর্কিত প্রতিবেদন সংশ্লিষ্ট উইং এর সদস্য কর্তৃক অনুমোদনক্রমে যথাসময়ে প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে।	সকল শাখা/ বিভাগের প্রধান/প্রকল্প পরিচালক

১	২	৩	৪	৫
		প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়।		
১২।	জাতীয় শুদ্ধাচার কৌশল ও APA বাস্তবায়ন	সভাপতি, জাতীয় শুদ্ধাচার কৌশল অনুসরণ ও APA বাস্তবায়নের লক্ষ্যে ২০২০-২০২১ অর্থ বছরের ত্রৈমাসিক প্রতিবেদন উপযুক্ত প্রমানকসহ যথাসময়ে প্রেরণের নির্দেশনা দেন।	জাতীয় শুদ্ধাচার কৌশল অনুসরণ ও APA বাস্তবায়নের লক্ষ্যে ২০২০-২০২১ অর্থ বছরের ত্রৈমাসিক প্রতিবেদন উপযুক্ত প্রমানকসহ যথাসময়ে প্রেরণ করতে হবে।	নৈতিকতা কমিটি ও সকল শাখা/বিভাগের প্রধান।
১৩।	অফিস চলাকালীন আইডি কার্ড প্রদর্শনপূর্বক ব্যবহার	রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষে কর্মরত সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারীদের অফিস চলাকালীন ও অফিসে অবস্থানকালীন তাঁদের পরিচয় পত্র (আইডি কার্ড) দৃশ্যমানভাবে ব্যবহারের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ প্রসঙ্গে সভাপতি বলেন, রাজউক ভবনে বিভিন্ন দিক থেকে প্রবেশ করা যায় যার ফলে বহিরাগত ও অবাঞ্ছিত লোকদের গতিবিধি নিয়ন্ত্রণ করা কঠিন হয়ে পড়ে। সভাপতি এ প্রেক্ষিতে রাজউক ভবনে শুধু সামনের ফটক দিয়ে প্রবেশ এবং একটি বা দুইটি নির্দিষ্ট পথ দিয়ে বের হওয়ার ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	(ক) রাজউকে কর্মরত সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারীদের আবশ্যিকভাবে পরিচয়পত্র প্রদর্শনপূর্বক ব্যবহার শর্তভাগ নিশ্চিত করতে হবে। (খ) রাজউক ভবনে শুধু সামনের ফটক দিয়ে প্রবেশ এবং একটি বা দুইটি নির্দিষ্ট পথ দিয়ে বের হওয়ার ব্যবস্থা গ্রহণ এবং বর্হিগমনের পথ দিয়ে কেউ যেন ভিতরে প্রবেশ করতে না পারে তার জন্য আনসার নিয়োগ ও সিসিটিভি ক্যামেরায় মনিটরিং এর সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন)
১৪।	পূর্বাচল নতুন শহর প্রকল্পের পূর্ণাঙ্গ ডাটাবেজ প্রস্তুতকরণ	(ক) পূর্বাচল নতুন শহর প্রকল্পের পূর্ণাঙ্গ ডাটাবেজ প্রস্তুতকরণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। এ প্রসঙ্গে সিনিয়র সিস্টেম এনালিস্ট বলেন যে, পরিচালক (এস্টেট ও ভূমি-২) এর নিকট হতে ডাটাবেজ করার পূর্ণাঙ্গ তথ্য প্রাপ্তি সাপেক্ষে MIS দ্রুত ডাটাবেজ প্রণয়নের কার্যক্রম সম্পন্ন করবে।	(ক) পূর্বাচল নতুন শহর প্রকল্পের পূর্ণাঙ্গ ডাটাবেজ প্রস্তুতকরণের লক্ষ্যে সদস্য (এস্টেট ও ভূমি) মহোদয়কে আত্মায়ক করে গঠিত কমিটি কর্তৃক আগামী ০১ মাসের মধ্যে অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে।	সদস্য (এস্টেট ও ভূমি)/ পরিচালক (এস্টেট ও ভূমি-২) ও সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজউক
		(খ) রাজউকের পূর্বাচল/ উত্তরা (৩য় পর্ব)/ এস্টেট শাখার কতিপয় নথিতে এমআইএস যাচাই-বাছাই এর ভুয়া প্রতিবেদন পাওয়া যায়। ভুয়া এমআইএস প্রতিবেদন কাজের সাথে জড়িতদের চিহ্নিত করে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	(খ) ভুয়া এমআইএস যাচাই-বাছাই প্রতিবেদন কাজের সাথে জড়িতদের চিহ্নিত করে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও এমআইএস যাচাইয়ের তথ্য এস্টেট ও ভূমি শাখার পরিচালকগণ কর্তৃক ক্রস চেক করার নিমিত্ত তাদেরকে আগামী ০১ সপ্তাহের মধ্যে আইডি পাসওয়ার্ড সরবরাহের বিষয়ে এমআইএস শাখাকে তাগিদপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র সিস্টেম এনালিস্ট ও পরিচালক (এস্টেট ও ভূমি-১/২)

(Handwritten signatures and initials)

ক্র.সং.	বিষয়	সংক্ষেপ	সংক্ষেপ	সংক্ষেপ
১৫।	রাজউকের আওতাধীন পূর্বাচল নতুন শহর প্রকল্পের মূল অধিবাসী ও সাধারণ ক্ষতিগ্রস্তদের অনুকূলে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সানুগ্রহ অনুমোদিত ১৪৪০ জনের অনুকূলে সাময়িক বরাদ্দপত্র ইস্যুকরণ সংক্রান্ত।	<p>পূর্বাচল নতুন শহর প্রকল্পের মূল অধিবাসী ও সাধারণ ক্ষতিগ্রস্তদের প্রটি বরাদ্দের বিষয়ে গত ৩০/১১/২০২০ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে পাট ও বস্ত্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব গোলাম দস্তগীর গাজী (বীর প্রতীক) এমপি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি জনাব মেহের আফরোজ এমপি ও স্থানীয় জনপ্রতিনিধিদের উপস্থিতিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ১৭/১২/২০২০ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে আরও একটি সভা অনুষ্ঠিত হয়।</p> <p>উক্ত দুইটি সভার সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্তে সদস্য (এস্টেট ও ভূমি) সভায় অবহিত করেন যে, রাজউকের আওতাধীন পূর্বাচল নতুন শহর প্রকল্পে সাধারণ ক্ষতিগ্রস্ত ও মূল অধিবাসীদের প্রটি বরাদ্দ প্রাপ্তির আবেদনপত্রসমূহ যাচাই বাছাই এর জন্য স্মারক-নং-রাজউক/ এস্টেট-৩/পূর্বাচল/ ৪১২৮২; তারিখ: ০১/১১/২০১৭ মোতাবেক সদস্য (এস্টেট ও ভূমি) কে আহবায়ক করে গঠিত ০৬ (ছয়) সদস্য বিশিষ্ট কমিটি গত ০৩.১২.২০২০ এবং ২৪.১২.২০২০ তারিখে স্থানীয় জনপ্রতিনিধিদের উপস্থিতিতে দুইটি সভা করেন। গঠিত কমিটি দুইটি সভার মাধ্যমে নারায়ণগঞ্জ অংশে মূল অধিবাসী ক্যাটাগরীতে ২২৪টি আবেদনের মধ্যে ১০০টি আবেদন, গাজীপুর অংশে সাধারণ ক্ষতিগ্রস্ত ১৪৭০টি আবেদনের মধ্যে জমির পরিমাণ সর্বনিম্ন ০.৩১ (শূন্য দশমিক একত্রিশ) একর বা তদুর্ধ্ব ৪৪১টি আবেদন এবং গাজীপুর অংশে মূল অধিবাসী ক্যাটাগরীতে ১৮৬০টি আবেদনের মধ্যে ৯১২টি আবেদন সঠিক হিসেবে বিবেচনা করেন অর্থাৎ সর্বমোট (২২৪+১৪৭০+ ১৮৬০) = ৩৫৫৪ (তিন হাজার পাঁচশত চুয়াল্লিশ) টি আবেদনের মধ্যে যাচাই-বাছাইঅন্তে (১০০+ ৪৪১+৯১২) =</p>	<p>১. পূর্বাচল নতুন শহর আবাসিক প্রকল্পের অবশিষ্ট মূল অধিবাসী ও সাধারণ ক্ষতিগ্রস্তের অনুকূলে সাময়িক বরাদ্দপত্র জারীর পূর্বে নির্বাচিত বৈধ আবেদনকারীর ১৪৪০ জনের তালিকা The town Improvement Act (1953) (As modified up to the 30th June, 1991) এর ধারা ১৭৭ এবং The Dhaka Improvement Trust (Allotment of Lands) Rules, 1969 এর বিধি ৮ অনুযায়ী জনসাধারণের অবগতির লক্ষ্যে প্রটি বরাদ্দের জন্য সাময়িক ভাবে নির্বাচিত ১৪৪০ জন আবেদনকারীর তালিকা পত্রিকা ও ওয়েব সাইটে প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে।</p> <p>সে অনুযায়ী পত্রিকায় ও ওয়েব সাইটে প্রকাশের সদয় অনুশাসনের জন্য সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করতে হবে।</p> <p>২. পূর্বাচল নতুন শহর প্রকল্পের অবশিষ্ট মূল অধিবাসী ও সাধারণ ক্ষতিগ্রস্ত আবেদনকারীদের আবেদন যাচাই-বাছাই কমিটির সুপারিশ এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ০২/২০২১তম এবং ০৩/২০২১তম বিশেষ সভায় অনুমোদিত প্রস্তাবের ভিত্তিতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সানুগ্রহ অনুমোদিত ১৪৪০ জনের অনুকূলে ০৩ কাঠা আয়তনের প্রটের সাময়িক বরাদ্দপত্র সংশ্লিষ্ট উপপরিচালক (এস্টেট ও ভূমি-৩) জারী করবেন। এ বিষয়ে পৃথকভাবে নতুন করে অনুমোদন গ্রহণের কোন প্রয়োজন নেই। সদস্য (এস্টেট ও ভূমি) এবং পরিচালক (এস্টেট ও ভূমি- ২) বিষয়টি তদারকী এবং নিশ্চিত করবেন।</p> <p>৩. অবশিষ্ট মূল অধিবাসী ও ক্ষতিগ্রস্তদের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক (ভার্চুয়ালি) সাময়িক বরাদ্দপত্র প্রদান অনুষ্ঠানের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রন)-আহবায়ক ও প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন)/ প্রকল্প পরিচালক, পূর্বাচল নতুন শহর প্রকল্প-সদস্য সচিব এর সমন্বয়ে একটি কমিটি</p>	<p>সদস্য (এস্টেট ও ভূমি)/প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন)/ প্রকল্প পরিচালক (পূর্বাচল নতুন শহর প্রকল্প)/ পরিচালক (এস্টেট ও ভূমি-২)/ পরিচালক (সাইট)</p>

১	২	৩	৪	৫
		<p>১৪৫৩ (এক হাজার চারশত তেপ্লান)টি আবেদন সঠিক হিসেবে বিবেচনা করার জন্য সুপারিশ করেন এবং তালিকা প্রস্তুত করেন।</p> <p>যাচাই বাছাই কমিটির উক্ত সুপারিশের ভিত্তিতে স্মারক নং-রাজউক/পূর্বাচল/এস্টেট ও ভূমি-৩/২৮৮৫ তারিখ: ২৪ ডিসেম্বর ২০২০ মোতাবেক সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর পূর্বাচল নতুন শহর প্রকল্পে অবশিষ্ট মূল অধিবাসী ও সাধারণ ক্ষতিগ্রস্তদের পুট বরাদ্দের লক্ষ্যে সর্বশেষ অনুমোদিত লে-আউট প্ল্যানের High Rise Apartment Block এর জন্য নির্ধারিত ২০৫.২ একর জমি হতে কম/বেশী ১০০ (একশত) একর জমিতে ০৩ (তিন) কাঠা আয়তনের ১১৯৭টি নতুন পুট সৃজনের সদয় অনুমোদনের জন্য নির্বাচিত ১৪৫৩ জনের তালিকা প্রেরণ করা হয়। উক্ত প্রস্তাবের ভিত্তিতে মন্ত্রণালয় হতে মাননীয় প্রধানমন্ত্রী বরাবরে ১৪৫৩ জনের তালিকাসহ সার-সংক্ষেপ প্রেরণ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী ০৪.০১.২০২১ তারিখে প্রেরিত প্রস্তাব সানুগ্রহ অনুমোদন করেন, যা গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫.০০.৪০.০১৯.০০১.০৪.২০১৯-১১ তারিখ ০৭ জানুয়ারি ২০২১ মোতাবেক চেয়ারম্যান, রাজউককে অবহিত করেন।</p> <p>নতুন পুট সৃজনের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন পাওয়ার পর রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ০২/২০২১ তম বিশেষ সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:</p> <p>সিদ্ধান্ত (ক) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের গত ০৭.০১.২০২১খ্রি. তারিখের স্মারক নং-২৫.০০.০০০০.০১৯.০০১.০৪.২০১৯-১১ মূলে পূর্বাচল নতুন শহর প্রকল্পের মূল অধিবাসী ও সাধারণ ক্ষতিগ্রস্ত ১৪৫৩ জনের মধ্যে পুট বরাদ্দের জন্য প্রয়োজনীয় সংখ্যক পুট সৃজনে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনের আলোকে পূর্বাচল নতুন শহর প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান</p>	<p>গঠন করা হলো। কমিটি প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট পূর্বক কার্যক্রম পরিচালনা করবেন। কমিটির চাহিদা অনুযায়ী কমিটিকে রাজউকের সকল কর্মকর্তা/কর্মচারী প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।</p> <p>৪. (ক) আগামী ২৫.০৩.২০২১ তারিখের মধ্যে পূর্বাচল নতুন শহর প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান Data Expert (PVT) Ltd. এর সহযোগিতায় নির্বাচিত ১৪৪০ জনের অনুকূলে সাময়িক বরাদ্দপত্র প্রস্তুতসহ ১৪৪০ টি নথি সৃজনের কাজ সম্পন্ন করতে হবে।</p> <p>(খ) সদস্য (এস্টেট ও ভূমি) সার্বক্ষণিকভাবে উপস্থিত থেকে এবং নেতৃত্ব দিয়ে রাজউকের কনফারেন্স রুমে নিরাপত্তা ও গোপনীয়তার সাথে সাময়িক বরাদ্দপত্র প্রস্তুত ও নথি সৃজনের কাজ সম্পন্ন করবেন। সদস্য (এস্টেট ও ভূমি) পূর্বাচল নতুন শহর প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারীসহ রাজউকের কর্মরত যে কোন কর্মকর্তা / কর্মচারীর সহযোগিতা গ্রহণ করতে পারবেন।</p> <p>৫. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ০২/২০২১ তম এবং ০৩/২০২১ তম বিশেষ সভার সিদ্ধান্ত অনুযায়ী পূর্বাচল নতুন শহর প্রকল্পের নতুন স্ট লে-আউট নকশা এবং চতুর্থ সংশোধনীর পরবর্তী সংশোধনী সমূহসহ পূর্ণাঙ্গ লে আউট নকশায় অন্তর্ভুক্ত করে মাননীয় এটর্নি জেনারেলের মাধ্যমে মহামান্য আদালতের অনুমতির লক্ষ্যে পরিচালক আইন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</p> <p>৬. মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত ১৪৪০ জনের অনুকূলে সাময়িক বরাদ্দপত্র প্রস্তুত করা সহ মাননীয় প্রধানমন্ত্রীর অনুষ্ঠান আয়োজনের বিষয়টি রাজউক সর্বোচ্চ গুরুত্ব দেবে এবং সকল কর্মকর্তা/ কর্মচারী এ কাজে সম্পূর্ণ থেকে</p>	

ক্র.সং.	বিষয়	সংক্ষেপ	সিদ্ধান্ত	অন্যান্য
১	২	৩	৪	৫
		<p>Data Expert (Pvt.) Limited কর্তৃক প্রণীত পূর্বাচল নতুন শহর প্রকল্পের ১৫ ও ২৮নং সেক্টরের High Rise Apartment Block হতে ৮৯.৬৩৯ একর জমির উপরে ১১৯৭ (এক হাজার একশত সাতানব্বই) টি ০৩ (তিন)টি কাঠা আয়তনের প্লট সৃজন করে সংশোধিত নকশাটি অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>গত ২৪.০১.২০২১ তারিখে মূল অধিবাসী/সাধারণ ক্ষতিগ্রস্ত ক্যাটাগরীতে প্লট বরাদ্দ সংক্রান্তে অত্র কর্তৃপক্ষের যাচাই-বাছাই কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সুপারিশ করা হয় :</p> <p>(ক) কর্তৃপক্ষের ০২/২০২১তম বিশেষ সভায় পূর্বাচল নতুন শহর আবাসিক এলাকায় সংশোধিত নক্সা অনুমোদিত হওয়ায় নারায়ণগঞ্জ অংশের মূল অধিবাসী ক্যাটাগরীতে ২২৪ জন আবেদনকারীর মধ্যে হতে প্লট বরাদ্দ সংক্রান্ত যাচাই-বাছাই কমিটি কর্তৃক সঠিক হিসেবে বিবেচিত ১০০ জন-কে, গাজীপুর অংশে ক্ষতিগ্রস্ত ১৪৭০ জন আবেদনকারীর মধ্যে হতে ৪৪১ জন-কে এবং গাজীপুর অংশে মূল অধিবাসী ক্যাটাগরীতে ১৮৬০ জন আবেদনকারীর মধ্যে হতে ৮৯৯ জন-কে প্লট বরাদ্দ সংক্রান্ত যাচাই-বাছাই কমিটি সঠিক হিসেবে বিবেচিত করে অর্থাৎ সর্বমোট ১৪৪০ (এক হাজার চারশত চল্লিশ) জন সঠিক আবেদনকারী প্রত্যেক-কে ০৩ (তিন) কাঠা আয়তনের প্লট বরাদ্দের জন্য সাময়িকভাবে নির্বাচিত করার সুপারিশ করেন।</p> <p>(খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরিত তালিকা গাজীপুর অংশের মূল অধিবাসী ক্যাটাগরীতে সঠিক আবেদনকারীর সংখ্যা ৯১২টি অন্তর্ভুক্ত থাকলেও প্লট বরাদ্দ সংক্রান্ত যাচাই বাছাই কমিটি ৮৯৯টি আবেদনের বিপরীতে সাময়িকভাবে নির্বাচিত করার সুপারিশ করা হলো এবং</p>	<p>প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।</p>	

২

২ (১৩)

২৫

২৫


১	২	৩	৪	৫
		<p>আবেদনপত্রসমূহ অধিকতর যাচাইয়ে আবেদনকারীর এওয়ার্ডে ঘরের ক্রমিক উল্লেখ না থাকায় ১১টি ও মূল এওয়ার্ড বহির সাথে তথ্যের মিল না থাকায় (নাম গড়মিল) ০১টি এবং একই ব্যক্তির ০২টি আবেদন থাকায় ০১টি আবেদনসহ সর্বমোট = ১৩ (তের)টি আবেদন বাতিল করার সুপারিশ করেন। আবেদনের সংখ্যা ১৩টি বাতিল হলেও ০১ জনের ০২টি আবেদন থাকায় আবেদনকারীর সংখ্যা ১২ জন।</p> <p>(গ) আবেদনপত্র ও এওয়ার্ড যাচাই-বাছাইয়ে ক্রটি বিচ্যুতি থাকায় অর্থাৎ সঠিক না থাকায় নারায়ণগঞ্জ অংশের মূল অধিবাসী ক্যাটাগরীতে ২২৪ জন আবেদনকারীর মধ্য হতে ১২৪টি, গাজীপুর অংশে সাধারণ ক্ষতিগ্রস্ত ১৪৭০ জন আবেদনের মধ্য জমির পরিমাণ ০.৩১ (শূন্য দশমিক একত্রিশ) একরের কম থাকায় ১০২৯টি এবং গাজীপুর অংশে মূল অধিবাসী ক্যাটাগরীতে ১৮৬০ জন আবেদনের মধ্য হতে ৯৬১টি আবেদনকারীর বিপরীতে সাময়িকভাবে নির্বাচিত করার সুপারিশ করা গেল না।</p> <p>উক্ত সুপারিশের ভিত্তিতে ২৬.০১. ২০২১ তারিখে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ০৩/২০২১ তম বিশেষ সভা অনুষ্ঠিত হয় এবং বাছাই কমিটির উপরে বর্ণিত ০৩ টি সুপারিশ গ্রহন পূর্বক বিশেষ বোর্ড সভা সিদ্ধান্ত গ্রহন করেন।</p> <p>বোর্ড সভার উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ০১.০২.২০২১ তারিখে রাজউকের স্মারক নং ২৫.৩৯.০০০০. ২৮.৯৯.০০২.২০২১-৫৯০ মোতাবেক বাতিল ১৩টি আবেদনের তালিকাসহ পূর্বাচল নতুন শহর প্রকল্পের মূল অধিবাসী ও সাধারণ ক্ষতিগ্রস্ত হিসেবে নির্বাচিত ১৪৪০ জনের অনুকূলে সাময়িক বরাদ্দপত্র প্রদানের নির্দেশনা/ অনুমতি প্রদানের জন্য সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরন করা হয়। অতঃপর মন্ত্রণালয় হতে নির্বাচিত ১৪৪০</p>		

ক্রমিক	সাক্ষাৎ	বিষয়	তারিখ	স্বাক্ষর
		<p>জনের অনুকূলে বরাদ্দ পত্র প্রদান অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর (ভার্চুয়ালি) সানুগ্রহ উপস্থিতির জন্য সুবিধামত তারিখ ও সময় নির্ধারণের সানুগ্রহ অনুমোদনের জন্য সার সংক্ষেপ প্রেরণ করা হয়। নির্বাচিত ১৪৪০ জনের অনুকূলে বরাদ্দপত্র প্রদান অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী ভার্চুয়ালি উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেন, যা গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং ২৫.০০.০০০০.০১৯.০১.০৪.২০১৯-১১২ তারিখে ২৩ ফেব্রুয়ারী ২০২১ মোতাবেক চেয়ারম্যান, রাজউককে অবহিত করা হয়।</p> <p>গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে ১৫.০৩.২০২১ তারিখে পূর্বাচল নতুন শহর প্রকল্পের অবশিষ্ট মূল অধিবাসী ও সাধারণ ক্ষতিগ্রস্তদের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক (ভার্চুয়ালি) প্লট বরাদ্দ প্রদান অনুষ্ঠান আয়োজনের বিষয়ে প্রস্তুতিমূলক এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় রাজউকের চেয়ারম্যানসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত সভায় নিম্নরূপ ৩ টি সিদ্ধান্ত গৃহীত হয়ঃ</p> <p>১. আগামী এপ্রিল ২০২১ এর ১ম-২য় সপ্তাহের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সময়সূচী অনুযায়ী পূর্বাচল নতুন শহর প্রকল্পে অবশিষ্ট মূল অধিবাসী ও সাধারণ ক্ষতিগ্রস্ত ১৪৪০ জনের সাময়িক বরাদ্দপত্র প্রস্তুত পূর্বক তা প্রদান অনুষ্ঠানের যাবতীয় কার্যক্রম আগামী ৩১ মার্চ ২০২১ এর মধ্যে সর্বোচ্চ অগ্রাধিকার এবং দায়িত্বশীল-তার সাথে সম্পন্ন করতে হবে।</p> <p>২. ১৪৪০ (এক হাজার চারশত চল্লিশ) জনের অনুকূলে সাময়িক বরাদ্দপত্র প্রস্তুত করাসহ মাননীয় প্রধানমন্ত্রীর অনুষ্ঠান আয়োজনের বিষয়টি রাজউক সর্বোচ্চ গুরুত্ব দিবে এবং সকল কর্মকর্তাকে এ কাজে সম্পৃক্ত করে নির্ধারিত সময়সীমার মধ্যে অদ্যকার সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করবে।</p>		

১	২	<p>৩. রাজউক কর্তৃক প্রেরিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত ১৪৪০ (এক হাজার চারশত চল্লিশ) জনের অনুকূলে সাময়িক বরাদ্দপত্র প্রস্তুতসহ অনুষ্ঠান আয়োজনের সামগ্রিক বিষয়ে অগ্রগতি সঙ্গে সঙ্গে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।</p> <p>প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) (চলতি দায়িত্ব) এবং প্রকল্প পরিচালক, পূর্বাচল নতুন শহর প্রকল্প সভায় অবহিত করেন যে, ১৪৪০ (এক হাজার চারশত চল্লিশ)টি প্লটের সাময়িক বরাদ্দপত্র প্রস্তুত করা এক বিশাল কর্মযজ্ঞ। দ্রুততম সময়ের মধ্যে ১৪৪০ (এক হাজার চারশত চল্লিশ)টি প্লটের সাময়িক বরাদ্দপত্র প্রস্তুত করার জন্য প্রয়োজনে আমরা পূর্বাচল নতুন শহর প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান Data Expert (PVT) Ltd. এর সযোগিতা গ্রহন করতে পারি। তিনি আর বলেন যে, ইতোমধ্যে কর্তৃপক্ষের ০২/২০২১ এবং ০৩/২০২১ তম বিশেষ সভার সিদ্ধান্ত অনুযায়ী নতুন স্ট্র লে-আউট নক্সা এবং চতুর্থ সংশোধনীর পরবর্তী সংশোধনী সমূহসহ পূর্ণাঙ্গ সংশোধিত লে-আউট নক্সায় অন্তর্ভুক্ত করে মাননীয় চেয়ারম্যানের মাধ্যমে মহামান্য আদালতের অনুমতির পদক্ষেপ গ্রহন করা আবশ্যিক।</p> <p>সদস্য (এস্টেট ও ভূমি) সভাকে আর অবহিত করেন যে, The town Improvement Act (1953) (As modified up to the 30th June, 1991) এর ধারা ১৭৭ এবং The Dhaka Improvement Trust (Allotment of Lands) Rules, 1969 এর বিধি ৮ অনুযায়ী জনসাধারণের অবগতির লক্ষ্যে প্লট বরাদ্দের জন্য সাময়িক ভাবে নির্বাচিত ১৪৪০ জন বৈধ আবেদনকারীর তালিকা পত্রিকা ও ওয়েব সাইটে প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে।</p>	৪	৫
---	---	---	---	---

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	ব্যবস্থাকারী সংস্থা
১	২	৩	৪	৫
		নির্বাচিত ১৪৪০ জনের অনুকূলে সাময়িক বরাদ্দপত্র ইস্যুর বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দসহ সকলেই আলোচনায় অংশ গ্রহন করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিতে সিদ্ধান্ত গৃহীত হয়।		
১৬।	জাতীয় সংসদ, প্রশাসনিক মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, দুদকসহ অন্যান্য প্রতিষ্ঠানের চাহিত তথ্য/প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।	পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, রাজউকের বিভিন্ন শাখা/দপ্তর হতে বিভিন্ন সংস্থা কর্তৃক চাহিত তথ্য/প্রতিবেদন নির্ধারিত সময়ে প্রশাসন শাখায় প্রেরণ না করায় চাহিত তথ্য প্রেরণে বিলম্ব ঘটছে। এতে সেবা গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট রাজউকের ভাবমূর্তি নষ্ট হচ্ছে এবং নিয়ন্ত্রণাকারী মন্ত্রণালয় ও অন্যান্য সংস্থা রাজউকের কার্যক্রম নিয়ে অসন্তুষ্টি প্রকাশ করেন।	প্রত্যেক উইং প্রধান / শাখা প্রধান নির্ধারিত সময়ে প্রশাসন শাখায় তথ্য/প্রতিবেদন প্রেরণের ব্যবস্থা করবেন। কার	উইং প্রধান / শাখা প্রধান/দপ্তর প্রধান
১৭।	রাজউক ভবনের ভাড়াটিয়া	রাজউক এনেক্স ভবনের বিভিন্ন ফ্লোরে ভাড়া দেয়া স্পেসসমূহ খালি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এনেক্স ভবনের ভাড়াটিয়া ৪টি প্রতিষ্ঠানের দায়েরকৃত রীট মামলার স্বগীতাদেশ সমূহ Vacate করার বিষয়ে আইন শাখায় কার্যক্রম চলমান রয়েছে। পরিচালক (আইন) সভাকে জানান যে, মামলাটির রায় রাজউকের পক্ষে হয়েছে। রায়ের কপির জন্য আবেদন করা হয়েছে। রায়ের কপি পাওয়ার পর স্পেসসমূহ খালি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ছাড়াও আইন শাখা ও প্রশাসন শাখা থেকে যাচাই করে কি কি শর্তে ভাড়া দেয়া হয়েছে তা জরুরি ভিত্তিতে পরীক্ষা করে ব্যবস্থা নেয়ার জন্য সভাপতি নির্দেশনা দেন।	রাজউক এনেক্স ভবনের ২টি ভাড়াটিয়া প্রতিষ্ঠানের দায়েরকৃত রীট মামলা Vacate করাসহ তা আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে Lawyer Certificate সংগ্রহ করে ভাড়াটিয়া উচ্ছেদপূর্বক রাজউকের দখলে আনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (আইন) ও নির্বাহী প্রকৌশলী (দক্ষিণ ঢাকা)
১৮।	তথ্য অধিকার আইনে তথ্য প্রদান	(ক) তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় চাহিত তথ্যসমূহ রাজউকের বিভিন্ন শাখা/বিভাগ প্রতিবেদন আকারে প্রদান করার বিষয়ে আলোচনা হয়। (খ) পরিচালক (জোন-৫) বলেন যে, রাজউক কর্তৃক প্রণীত 'তথ্য প্রকাশ নীতিমালা' পুস্তিকা আকারে প্রকাশের পদক্ষেপ নেয়া হয়েছে। প্রস্তুতকৃত 'তথ্য প্রকাশ নীতিমালা' পর্যালোচনা ও সংশোধন করার লক্ষ্যে তথ্য কমিশনের মাননীয় তথ্য কমিশনার জনাব নেপাল	(ক) তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় চাহিত তথ্যসমূহ রাজউকের বিভিন্ন শাখা/বিভাগ প্রতিবেদন আকারে প্রদান করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) রাজউক কর্তৃক প্রণীত 'তথ্য প্রকাশ নীতিমালা' নির্ধারিত সময়ের মধ্যে পুস্তিকা আকারে প্রকাশের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল শাখা/বিভাগ পরিচালক (জোন-৫)

১	২	৩	৪	৫
		চন্দ্র সরকার বরাবর প্রেরণ করা হয়েছে। পর্যালোচনা এবং সংশোধিত তথ্য প্রকাশ নীতিমালা প্রাপ্তি সাপেক্ষ দ্রুত সময়ের মধ্যে তা পূর্ণাঙ্গ পুস্তিকা আকারে প্রকাশ করা হবে।		
		(গ) তথ্য অধিকার আইনের আওতায় রাজউক যতগুলো তথ্য প্রদান করেছে তার হালনাগাদ তথ্য নিয়মিতভাবে ওয়েব সাইটে আপলোডের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	(গ) তথ্য অধিকার আইনের আওতায় প্রদানকৃত তথ্য নিয়মিতভাবে ওয়েব সাইটে আপলোড করতে হবে	সিনিয়র সিস্টেম এনালিস্ট ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (তথ্য অধিকার আইন, ২০০৯)
১৯।	উন্নয়ন নিয়ন্ত্রণ শাখার কার্যক্রম	(ক) উন্নয়ন নিয়ন্ত্রণ শাখা কর্তৃক সংশ্লিষ্ট প্রতিবেদনসমূহ যথাযথভাবে প্রস্তুতপূর্বক যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিতকরণ এবং প্রেরণপূর্বক অবগতি পত্র আবশ্যিকভাবে পরিচালক (প্রশাসন-২) বরাবর প্রেরণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।	(ক) মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক উন্নয়ন নিয়ন্ত্রণ শাখা কর্তৃক সংশ্লিষ্ট প্রতিবেদনসমূহ যথাযথভাবে প্রস্তুত পূর্বক কোনো প্রকার বিলম্ব না করে যথাসময়ে তা মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১)
		(খ) রাজউকের উন্নয়ন নিয়ন্ত্রণ সংক্রান্ত অন্যান্য কার্যক্রম যথাঃ উচ্ছেদ, অনুমোদিত নক্সার ব্যত্যয় নির্ধারণ, অননুমোদিতভাবে নির্মিত ভবন চিহ্নিতকরণ, নির্মাণ কাজ শুরুর সময় পরিদর্শনপূর্বক ব্যত্যয়কৃত অংশ উচ্ছেদ ও মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	(খ) রাজউকের আওতাধীন এলাকায় নির্মিত ও নির্মাণাধীন অবকাঠামোর ব্যত্যয় এর বিষয়ে কঠোর মনিটরিং কার্যক্রম এবং ব্যত্যয়কৃত অংশের উচ্ছেদ কার্যক্রম পুনরায় আরম্ভ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ব্যত্যয়কৃত অংশের উচ্ছেদ কার্যক্রম পরিচালনার সময় সংশ্লিষ্ট অথরাইজড অফিসার কর্তৃক উচ্ছেদ কার্যক্রম ইলেকট্রিক/ প্রিন্ট মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়	পরিচালক (জোন- ১/২/৩/৪/৫/৬ /৭/৮) ও সকল অথরাইজড অফিসার
		(গ) অনুমোদিত নক্সার ব্যত্যয় ঘটিয়ে অথবা অননুমোদিত নকশার মাধ্যমে নির্মাণাধীন/ নির্মিত ভবন মালিকের পাশাপাশি ভবন নির্মাণের সাথে সংশ্লিষ্ট প্রকৌশলী ও ডেভেলপারগণকে নক্সার ব্যত্যয় এর বিষয়ে পত্র দিয়ে উক্ত পত্রের অনুলিপি সংশ্লিষ্ট পেশাজীবী সংগঠনের সভাপতি/ সাধারণ সম্পাদক বরাবর প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা দেন এবং এ সংক্রান্ত সাংখ্যিক তথ্য প্রতি মাসে সমন্বয় সভায় উপস্থাপনের ও নির্দেশনা দেন।	(গ) অনুমোদিত নক্সার ব্যত্যয় ঘটিয়ে অথবা অননুমোদিত ভাবে নির্মাণাধীন/ নির্মিত ভবন মালিকের পাশাপাশি এরূপ নির্মাণ কাজের সাথে সংশ্লিষ্ট প্রকৌশলী ও ডেভেলপারগণকে নক্সার ব্যত্যয় এর বিষয়ে পত্র প্রেরণ করতে হবে এবং পত্রের অনুলিপি সংশ্লিষ্ট পেশা- জীবী সংগঠনের সভাপতি/ সাধারণ সম্পাদক এর নিকট প্রেরণসহ এ সংক্রান্ত সাংখ্যিক তথ্য প্রতি মাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১/২)



ক্রমিক নং	আবেদন/বিষয়	সমালোচনা	সিদ্ধান্ত	সম্মতি/সম্মতি
১	২	৩	৪	৫
		(ঘ) সভাপতি জোন ভিত্তিক অনুমোদিত নক্সাসমূহ জোনাল পরিচালকগণ কর্তৃক শতভাগ সংরক্ষণের উপর গুরুত্বারোপ করেন। জোনাল পরিচালকগণ প্রতি মাসে যতগুলি নক্সা অনুমোদন করবেন তা সংরক্ষণ করত তার সাংখ্যিক তথ্য প্রতিমাসের সমন্বয় সভায় পেশ করার বিষয়ে আলোচনা হয়।	(ঘ) এ বিষয়ে সকল জোনাল পরিচালককে তাগিদ পত্র দেওয়া এবং জোনাল পরিচালকগণ কর্তৃক প্রতি মাসের প্রতিবেদন সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ) বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১/২) ও পরিচালক (জোন- ১/২/৩/৪/৫/৬/ ৭/৮)
		(ঙ) সভাপতি নকশা অনুমোদন কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে প্রতি সপ্তাহে বি.সি কমিটির সভা আহবানের নির্দেশনা দেন এবং সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ) এ বিষয়ে তার উইং এর কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে সভা করবে মর্মে আলোচনা হয়।	(ঙ) নকশা অনুমোদন কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে প্রতি সপ্তাহে যতগুলো আবেদন জমা পড়বে ততগুলো আবেদন নিয়ে প্রতি সপ্তাহে বি.সি কমিটির সভা আয়োজন করে প্রশাসন শাখাকে অবহিত করতে হবে। এ বিষয়ে সকল জোনাল পরিচালককে তাগিদ পত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১/২) ও পরিচালক (জোন- ১/২/৩/৪/৫/৬/ ৭/৮)
		(চ) অননুমোদিত নির্মাণ কাজের জন্য এবং নির্মাণ কাজের ব্যত্যয় এর জন্য সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে ফৌজদারী মামলার সংখ্যা আরো বৃদ্ধি করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয় এবং কে, কার অনুমতি সাপেক্ষে মামলা দায়ের করবে সে বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা হয়।	(চ) অননুমোদিত নির্মাণ কাজ ও নির্মাণ কাজে ব্যত্যয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট জোনের ইমারত পরিদর্শক, জোনাল পরিচালকের অনুমতি সাপেক্ষে মামলা দায়ের করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (জোন- ১/২/৩/৪/৫/৬ /৭/৮)
		(ছ) অনুমোদনহীন ভবন ও ব্যত্যয়কৃত ভবন নির্মাণ বন্ধে প্রত্যেক জোনাল পরিচালকগণকে আরো বেশী তৎপর হওয়ার বিষয়ে আলোচনা হয়।	(ছ) অনুমোদনহীন ভবন ও ব্যত্যয়কৃত ভবন নির্মাণ বন্ধে প্রত্যেক জোনাল পরিচালকগণ প্রতিমাসে ৩০টি ভবন পরিদর্শন করে প্রতিবেদন প্রতিমাসের প্রথম সপ্তাহে চেয়ারম্যান, রাজউক বরাবর দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হলো।	পরিচালক (জোন- ১/২/৩/৪/৫/৬/৭/৮)
		(জ) রাজউক কর্তৃক ২৪টি টিমের মাধ্যমে পরিদর্শনকৃত ১৮১৮টি ভবনের প্রাথমিক জরিপে কি কি ব্যত্যয় রয়েছে তা চিহ্নিত করে অপসারণের লক্ষ্যে সভাপতি ভবন মালিকদের অনুকূলে নোটিশ প্রদানের নির্দেশনা দেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	(জ) আগামী এক সপ্তাহের মধ্যে ১৮১৮টি ভবনের জোনভিত্তিক তালিকা করে ভবন মালিকদের নোটিশ প্রদানপূর্বক বিধি মোতাবেক দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১/২) ও পরিচালক (জোনঃ ১ হতে ৮)
		(ঝ) Implementation of doing Business Reforms বাস্তবায়নে রাজউক এর মনোনীত ফোকাল পয়েন্টগণ এবং সাহায্যকারী কর্মকর্তা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং গৃহীত কার্যক্রম সম্পর্কে মন্ত্রণালয়কে অবহিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	(ঝ) Implementation of doing Business Reforms বাস্তবায়নে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং আগামী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে এ বিষয়ে BIDA এর সাথে Integration এর সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১/২)

৫.০ (বিবিধ)

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা/বিভাগ
১।	নারায়ণগঞ্জ জোন-৮ এর অফিস নির্মাণের লক্ষ্যে জোন-৮ এবং এস্টেট শাখার কর্মকর্তাসহ খানপুর বাণিজ্যিক এলাকার ৪.২৭ কাঠা আয়তনের ০৯নং প্লটটি পরিদর্শন করা হয়। পরিদর্শন পূর্বক এস্টেট ও ভূমি শাখার প্রতিবেদন অনুযায়ী প্লটটি রাজউকের দখলে আনয়নের জন্য প্লটের বাউন্ডারী ওয়াল নির্মাণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	নারায়ণগঞ্জে জোন-৮ এর অফিস নির্মাণের লক্ষ্যে প্রস্তাবিত অধিগ্রহণকৃত জমিতে দুত অফিস ভবন নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) ও পরিচালক (এস্টেট ও ভূমি-১)
২।	রাজউক হতে কোন কর্মকর্তা চেয়ারম্যান এর প্রতিনিধি হিসেবে অফিসের বাইরে কোন সভা/ প্রশিক্ষণ/ সেমিনার/ ওয়ার্কশপ-এ অংশগ্রহণ করলে কর্মস্থলে এসে এ বিষয়ে প্রতিবেদন চেয়ারম্যান, রাজউক বরাবর আবশ্যিকভাবে দাখিলের বিষয়ে আলোচনা হয়।	রাজউক হতে কোনো কর্মকর্তা চেয়ারম্যান এর প্রতিনিধি হিসেবে অফিসের বাইরে কোনো সভা/ প্রশিক্ষণ/ সেমিনার/ ওয়ার্কশপ-এ অংশগ্রহণ করলে কর্মস্থলে এসে তিনি এ বিষয়ে চেয়ারম্যান, রাজউক বরাবর আবশ্যিকভাবে প্রতিবেদন দাখিল করবেন।	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও পরিচালক (প্রশাসন)
৩।	ই-নথিতে পত্র জারির সংখ্যা বৃদ্ধি এবং পর্যায়ক্রমে রাজউকের সকল কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পাদনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মহোদয় পেনশন, বাসা বরাদ্দ, ছুটি ইত্যাদি কার্যক্রম সম্পূর্ণভাবে ই-নথিতে সম্পাদনের বিষয়ে নির্দেশনা দেন।	ই-নথিতে পত্র জারির সংখ্যা বৃদ্ধি করতে হবে। প্রত্যেক শাখা কর্তৃক ৫টি করে বিষয় ই-নথিতে সম্পাদন করতে হবে। তাছাড়া পেনশন, বাসা বরাদ্দ, ছুটি ইত্যাদি কার্যক্রম ই-নথিতে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল শাখা/বিভাগ
৪।	ভূমি ব্যবহার ছাড়পত্র ও নির্মাণ অনুমোদনের ক্ষেত্রে ব্যবহৃত সার্ভারের স্টোরেজ পর্যাপ্ত পরিমাণে বৃদ্ধি করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পরিচালক (জোন-৪) সভাকে অবহিত করেন যে, অনলাইনে ভূমি ব্যবহার ছাড়পত্র ও নির্মাণ অনুমোদনের ক্ষেত্রে ব্যবহৃত সার্ভারের স্টোরেজ পর্যাপ্ত পরিমাণে বৃদ্ধি করা দরকার এবং এই সার্ভারে অনুমোদন সংক্রান্ত ডিজিটাল তথ্যসমূহ সংরক্ষিত থাকায় কোন দুর্ঘটনায় পতিত হলে রাজউকের ব্যাপক ক্ষতি সাধিত হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। সিনিয়র সিস্টেম এনালিস্ট মহোদয় সভাকে অবহিত করেন যে, স্টোরেজ স্পেস বৃদ্ধি করার লক্ষ্যে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের 4th tier data center এর সাথে আলোচনা হয়েছে এবং এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে।	অনলাইনে ভূমি ব্যবহার ছাড়পত্র ও নির্মাণ অনুমোদনের ক্ষেত্রে ব্যবহৃত সার্ভারের স্টোরেজ পর্যাপ্ত পরিমাণে বৃদ্ধি করা এবং ডাটা সেন্টারের সঠিক ম্যানেজমেন্ট ত্বরান্বিতপূর্বক জরুরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সিনিয়র সিস্টেম এনালিস্ট
৫।	রাজউকের মাসিক সমন্বয় সভায় উপপরিচালক ও সমপদ মর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণ এবং তদুর্ধ্ব কর্মকর্তাগণ যথাসময়ে উপস্থিত থাকবেন এবং সভায় কেউ অনুপস্থিত থাকলে তা সভার পূর্বে অবহিত করার বিষয়ে আলোচনা হয়।	রাজউকের মাসিক সমন্বয় সভায় উপপরিচালক ও সমপদ মর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণ এবং তদুর্ধ্ব কর্মকর্তাগণ যথাসময়ে উপস্থিত থাকবেন এবং সভায় কেউ অনুপস্থিত থাকলে তা সভার পূর্বে অবহিত করার বিষয়ে একটি অফিস আদেশ জারীর সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন)
৬।	রাজউকের গুলশান, বনানী, বারিধারা বিভিন্ন প্লট এ সিকিউরিটি গার্ড নিয়োগসহ যাবতীয় রক্ষনাবেক্ষণ কাজের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	রাজউকের গুলশান, বনানী, বারিধারার বিভিন্ন প্লট এ সিকিউরিটি গার্ড নিয়োগসহ	নির্বাহী প্রকৌশলী (বাস্তবায়ন-৪)

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা/বিভাগ
		যাবতীয় রক্ষনাবেক্ষণ এর কাজসমূহ নির্বাহী প্রকৌশলী (বাস্তবায়ন-৪) এর মাধ্যমে সম্পন্ন হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	
৭।	রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়নে সম্পূর্ণতা ও সচেতনতা বৃদ্ধি বিষয়ক কর্মপরিকল্পনা (২০২০-২০২১), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এ উল্লিখিত সেবাসমূহ কার্যকরভাবে প্রদানের জন্য অধিকতর ধারণা প্রদান ও দক্ষতা বৃদ্ধি বিষয়ক কর্মপরিকল্পনা (২০২০-২০২১) এ উল্লিখিত প্রশিক্ষণ ও সীমিত আকারে ই-নথি বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়নে সম্পূর্ণতা ও সচেতনতা বৃদ্ধি বিষয়ক কর্মপরিকল্পনা (২০২০-২০২১), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এ উল্লিখিত সেবাসমূহ কার্যকরভাবে প্রদানের জন্য অধিকতর ধারণা প্রদান ও দক্ষতা বৃদ্ধি বিষয়ক কর্মপরিকল্পনা (২০২০-২০২১) এ উল্লিখিত প্রশিক্ষণ ও সীমিত আকারে ই-নথি বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো।	পরিচালক (প্রশাসন)
৮।	রাজউকের প্রাক সমন্বয় সভা আয়োজন করার বিষয়ে সদস্যগণকে তৎপর হওয়ার জন্য চেয়ারম্যান মহোদয় নির্দেশনা প্রদান করেন। সভাপতি মহোদয় বলেন যে, উইং প্রধানগণ প্রতিমাসে সমন্বয় সভার পূর্বে তার উইং এর সকলকে নিয়ে উইং সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে আলোচনা করলে কাজের গতি আরো বৃদ্ধি পাবে।	উইং প্রধানগণ রাজউকের সমন্বয় সভার পূর্বে প্রাক সমন্বয় সভা আয়োজনের প্রয়োজনীয় পদক্ষেপ নিবেন এবং সভার কার্যবিবরণী রাজউকের মাসিক সমন্বয় সভার পূর্বে প্রশাসন শাখার প্রেরণের ব্যবস্থা নিবেন।	সকল উইং প্রধানগণ
৯।	রাজউকের বিভিন্ন শাখা/বিভাগ/দপ্তরে সেবা গৃহীতা কর্তৃক দাখিলকৃত আবেদন/অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে আবেদনপত্র গ্রহণের ক্রমিক অনুসরণ করা প্রয়োজন। কোন কারনে ক্রমিক ভঙ্গের প্রয়োজন হলে দপ্তর প্রদানের অনুমতি নেওয়া প্রয়োজন।	রাজউকের বিভিন্ন শাখা/বিভাগ/দপ্তরে সেবা গৃহীতা কর্তৃক দাখিলকৃত আবেদন/অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে আবেদনপত্র গ্রহণের ক্রমিক অনুসরণ করা করতে হবে। কোন কারনে ক্রমিক ভঙ্গের প্রয়োজন হলে দপ্তর প্রদানের অনুমতি নিতে হবে।	সকল শাখা

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ হেমায়েত হোসেন)

অতিরিক্ত সচিব, গৃগম

ও

চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।


তারিখ: ০৮ চৈত্র ১৪২৭
২২ মার্চ ২০২১

নং-২৫.৩৯.০০০০.০০৯.০৬.১৯৮(৭).২১-১৫৫৮/১৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- সদস্য (প্রশাসন ও অর্থ/ পরিকল্পনা/ এস্টেট ও ভূমি/ উন্নয়ন নিয়ন্ত্রণ/ উন্নয়ন), রাজউক, ঢাকা।
- প্রধান প্রকৌশলী (প্রকল্প ও ডিজাইন/ বাস্তবায়ন), রাজউক, ঢাকা।
- পরিচালক (এস্টেট ও ভূমি-১/২/ আইন/ অর্থ ও হিসাব/ নিরীক্ষা ও বাজেট/ উন্নয়ন নিয়ন্ত্রণ-১/২), রাজউক, ঢাকা।
- পরিচালক (জোন-১/২/৩/৪/৫/৬/৭/৮), রাজউক, ঢাকা।
- নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), রাজউক, ঢাকা।

৬. নগর স্থপতি, রাজউক, ঢাকা।
৭. সচিব, রাজউক, ঢাকা।
৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পূর্ত সার্কেল/১/২/৩/৪/প্রকল্প/ডিজাইন/বৈদ্যুতিক/যান্ত্রিক), রাজউক, ঢাকা।
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজউক, ঢাকা (০৩/২০২১ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী রাজউকের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
১০. নগর পরিকল্পনাবিদ-১/২, রাজউক, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. প্রকল্প পরিচালক (পূর্বাচল নতুন শহর/সম্প্রাসারিত উত্তরা ৩য় পর্ব/ঝিলমিল আবাসিক/উত্তরা ফ্ল্যাট নির্মাণ/কুড়িল-পূর্বাচল খাল উন্নয়ন প্রকল্প/হাতিরঝিল/গুলশান-বনানী-বারিধারা লেক উন্নয়ন/আরবান রেজিলিয়েন্স প্রজেক্ট: রাজউক পার্ট /উত্তরা লেক উন্নয়ন / ৯ টি পরিত্যক্ত বাড়িতে এপার্টমেন্ট নির্মাণ প্রকল্প/ Preparation of Detailed Area Plan (2016-2035) for DMDP Area.), রাজউক, ঢাকা।
১৩. আইন কর্মকর্তা, রাজউক, ঢাকা।
১৪. উপপরিচালক (প্রশাসন-১/২/৩/বোর্ড, জনসংযোগ ও প্রটোকল/নিরীক্ষা ও বাজেট/অর্থ/হিসাব/এস্টেট ও ভূমি-১/২/৩/৪, উত্তরা ৩য় পর্ব প্রকল্প), রাজউক, ঢাকা।
১৫. অথরাইজড অফিসার (সকল), রাজউক, ঢাকা।
১৬. নির্বাহী প্রকৌশলী (বাস্তবায়ন/১/২/৩/৪/৫/৬/৭/ সদর/ প্রকল্প/ডিজাইন/বৈদ্যুতিক/যান্ত্রিক), রাজউক, ঢাকা।
১৭. উপনগর পরিকল্পনাবিদ (সকল), রাজউক, ঢাকা।
১৮. লিয়াজো অফিসার, রাজউক ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।


 22/6/2021
 পরিচালক (প্রশাসন)
 রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

গ: মানসুজ
 গণসংযোগ মন্ত্রণালয়
 ৩১/৬/২০২১

৩১/৬/২০২১